আজকের কাগজ

20

তারিখ 06 NOV 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

### ময়মনসিংহ মেডিকেল কলেজ

# সংঘর্ষ, বোমাবাজি, গুলি
# ১১ নভেম্বর পর্যন্ত বন্ধ ঘোষণা

ময়মনসিংহ মেডিকেল কলেজের ছাত্রাবাসে গত সোমবার মধ্যরাতে জাতীয়তাবাদী ছাত্রদল ও ছাত্রলীগের (আ-অ) মধ্যে ব্যাপক বোমাবাজি, গুলী বিনিময়, ছাত্রাবাস কক্ষে অগ্নিসংযোগ ও ভাঙচুরের ঘটনায় কলেজের একাডেমিক কাউন্সিল ১১ নভেম্বর পর্যন্ত কলেজ বন্ধ ঘোষণা করেছে। জেলা প্রতিনিধির পাঠানো খবর।

সংঘর্ষের ব্যাপারে উভয় সংগঠন পরস্পর বিরোধী বক্তব্য দিয়েছে। ছাত্রলীগ অভিযোগ করে। সোমবার রাত দশটায় কলেজ ছাত্রাবাসের অ্যানাটমী ভবনে, ছাত্রলীগের সম্মেলন প্রস্তুতি কমিটির সভা চলাকালে ছাত্রদলের কতিপয় সশস্ত্র কর্মী ও নেতা বিনা উস্কানিতে হামলা চালায়।

এদিকে ছাত্রদল অভিযোগ করছে, ছাত্রলীগের সশস্ত্র কর্মীরা রাত দেড়টার দিকে ছাত্রদলের কর্মী সমর্থকদের কক্ষে হামলা চালায়।

প্রত্যক্ষদর্শী ছাত্ররা জানায়, এই সংঘর্ষের সময় শ' খানেক কক্ষ ভাঙচুর করা হয়। ৩০-৩৫ টি ককটেল ও প্রায় ৩০ রাউন্ড গুলি বিনিময় হয়। এক পর্যায়ে ছাত্রদলের কর্মী সমর্থকেরা ছাত্রাবাস ত্যাগ করে এবং ছাত্রাবাসের নিয়ন্ত্রণ ছাত্রলীগের হাতে চলে যায়। ভোরের দিকে পুলিশ ঘটনাস্থলে পৌছলে ছাত্রলীগের কর্মীরাও ছাত্রাবাস ত্যাগ করে। ছাত্রবাসে প্রচুর পুলিশ মোতায়েন রয়েছে। এই ঘটনার প্রেক্ষিতে ছাত্রদল ও ছাত্রলীগ শহরে পৃথক মিছিল করেছে। উল্লেখ্য, গত ৮ জুন এক সংঘর্ষের পর মেডিকেল কলেজ বন্ধ হয়ে যায় এবং দীর্ঘ কয়েকমাস বন্ধ থাকার পর ১৯ অক্টোবর খুলেছিলো।